# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ মসজিদ সমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১৯) মহিলাদেরকে মসজিদে যেতে বাধা দেয়া

(১৯) মহিলাদেরকে মসজিদে যেতে বাধা দেয়া :

বহু স্থানে মহিলাদেরকে মসজিদে যেতে বাধা দেয়া হয় এবং মসজিদে ছালাত পড়াকে অপছন্দ করা হয়। অথচ এটা রাসূল (ছাঃ) সুন্নাতের বিরোধিতা করার শামিল। মহিলারা পর্দাসহ মসজিদে গিয়ে ছালাত আদায় করতে পারে।

عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللهِ عَنْ أَبِيْهِ عَنِ النَّبِىِّ إِذَا اسْتَأْذَنَتْ امْرَأَةُ أَحَدِكُمْ فَلاَ يَمْنَعْهَا.

সালেম ইবনু আব্দুল্লাহ (রাঃ) তার পিতার সূত্রে বর্ণনা করেন যে, নবী করীম (ছাঃ) বলেছেন, যখন তোমাদের কারো স্ত্রী মসজিদে আসার অনুমতি চাইবে, তখন সে যেন তাকে নিষেধ না করে।[1]

মহিলারা মসজিদে গিয়ে ছালাত আদায় করলে ইমামের নিকট থেকে সাউন্ড বক্সের মাধ্যমে বিভিন্ন বিষয় সম্পর্কে জেনে নিতে পারে। ছালাতের পদ্ধতি, গুরুত্ব, পারিবারিক আদর্শ, হালাল-হারাম ইত্যাদি সম্পর্কে আলোচনা শুনতে পারে। জুম‘আর খুৎবায় উপস্থিত হয়ে গুরুত্বপূর্ণ নছীহত গ্রহণ করতে পারে। জনৈকা মহিলা রাসূল (ছাঃ)-এর খুৎবা শুনে সূরা ক্বাফ মুখস্থ করেছিলেন।[2] তাছাড়া মহিলাদেরকে নিয়ে ঈদগাহে যাওয়ার ব্যাপারে জোরাল নির্দেশ এসেছে। এমনকি ঋতুবতী হলেও। তারা শুধু দু‘আ অর্থাৎ খুৎবা, তাসবীহ, তাকবীর, তাহলীলে শরীক হবে।[3]

## ফুটনোট

[1]. ছহীহ বুখারী হা/৮৭৩, ‘আযান’ অধ্যায়, অনুচ্ছে-১৬৬ এবং হা/৫২৩৮; ছহীহ মুসলিম হা/১০১৬, ‘ছালাত’ অধ্যায়, অনুচ্ছেদ-৩০; মিশকাত হা/১০৫৯; বঙ্গানুবাদ মিশকাত হা/৯৯২, ৩/৪৭ পৃঃ।

[2]. ছহীহ মুসলিম হা/২০৪৯; মিশকাত হা/১৪০৯; বঙ্গানুবাদ মিশকাত হা/১৩২৫, ৩/১৯৮।

[3]. ছহীহ বুখারী হা/৯৭৫; ছহীহ মুসলিম হা/২০৮৫; মিশকাত হা/১৪২৯; ছহীহ বুখারী হা/৩৫১; মিশকাত হা/১৪৩১; বঙ্গানুবাদ মিশকাত হা/১৩৪৭, ৩/২১১ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1860

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন